

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
সিটি কর্পোরেশন শাখা-১

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-৪৬.০০.০০০০.০৭০.০০২.০৫৮.১১-২০৮

তারিখঃ ০৬/০২/২০১৮ খ্রিঃ।

প্রাপকঃ প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা

স্থানীয় সরকার বিভাগ

৮৩/বি-১৮, মৌচাক টাওয়ার, মালিবাগ, ঢাকা।

বিষয়ঃ ২০১৭-২০১৮ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে অনুমোদিত স্থানীয় সরকার বিভাগের "আরবান পাবলিক এন্ড এনভায়রনমেন্টাল হেলথ সেক্টর ডেভেলপমেন্ট প্রকল্প" শীর্ষক প্রকল্পের অনুকূলে (কোড নং-৫-৩৭-৩৭০১-৭৪৭৯) বরাদ্দকৃত অর্থের ৩য় কিস্তির অর্থ অবমুক্তি প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানাইতেছি যে, স্থানীয় সরকার বিভাগের ২০ আগস্ট ২০১৭ খ্রিঃ তারিখের ৪৬.০০.০০০০.০৭০.০০২.০৫৮.১১-১০৯৫ নং স্মারকে জারীকৃত বিভাজন ও অর্থ বিভাগের ১৩/১১/২০১২ তারিখের ০৭.১১১.০৩১.০১.০০.০৬১.২০১২-৫৪০ নং স্মারকে প্রশাসনিক মন্ত্রণালয়কে প্রদত্ত ক্ষমতা বলে নিম্নস্বাক্ষরকারী আদিষ্ট হইয়া "আরবান পাবলিক এন্ড এনভায়রনমেন্টাল হেলথ সেক্টর ডেভেলপমেন্ট" শীর্ষক প্রকল্পের জিওবি খাতের বরাদ্দ হইতে নিম্নরূপ অর্থ বরাদ্দের সরকারি মঞ্জুরী জ্ঞাপন করিতেছিঃ

বাস্তবায়নকারী সংস্থার নাম ও কোড নং	প্রকল্পের নাম ও কোড নং	অনুমোদিত/পিপিপি অনুমোদিত/অননুমোদিত	কিস্তির নাম	রাজস্ব খাতের অর্থ (লক্ষ টাকায়)	মূলধন খাতের অর্থ (লক্ষ টাকায়)	মোট অবমুক্ত অর্থ (লক্ষ টাকায়)
আরবান পাবলিক এন্ড এনভায়রনমেন্টাল হেলথ সেক্টর ডেভেলপমেন্ট প্রকল্প, কোড নং-৫-৩৭-৩৭০১-৭৪৭৯	আরবান পাবলিক এন্ড এনভায়রনমেন্টাল হেলথ সেক্টর ডেভেলপমেন্ট প্রকল্প, কোড নং-৫-৩৭-৩৭০১-৭৪৭৯	অনুমোদিত	৩য়	২৯০.০০	১১২.৫০ (সিডি ভাট ব্যতীত)	৪০২.৫০

২। এই অর্থ খরচে নিম্নোক্ত শর্ত প্রতিপালন করতে হইবেঃ


- (১) ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে পিপিআর-২০০৮ অনুসরণসহ যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে পরিপালন করিতে হইবে;
- (২) ছাড়কৃত অর্থ বিভাজনের সাথে সামঞ্জস্য রেখে অনুমোদিত ডিপিপি'র কম্পোনেন্ট ও বর্ণিত শর্ত অনুসারে ব্যয় করিতে হইবে;
- (৩) ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে ভবিষ্যতে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট বিল পরিশোধকারী কর্তৃপক্ষ দায়ী থাকিবেন; এবং
- (৪) অনুমোদিত ডিপিপি'র প্রাক্কলিত ব্যয়ের অতিরিক্ত কোন অর্থ ব্যয় করা যাইবে না।

৩। এই ব্যয় বর্তমান অর্থ বৎসরের (২০১৭-১৮) বার্ষিক উন্নয়ন বাজেটে মঞ্জুরী নং-৩৩, হিসাবের খাত ৫-৩৭-৩৭০১-৭৪৭৯ প্রকল্প কোড হইতে ব্যয় করা হইবে।

৪। উপরোক্ত অর্থ শুধু টাকা বরাদ্দের অংক নির্দেশ করে। (তবে শুদ্ধ মূল্য সংযোজন কর এবং পুনর্ভরনযোগ্য প্রকল্প সাহায্যের জন্য বরাদ্দ টাকা এই অংকের বহির্ভূত)।

৫। এই বরাদ্দের অধীনে ব্যয় অনুমোদিত প্রকল্প ছকে বর্ণিত দফাওয়ারী বরাদ্দ অনুযায়ী করিতে হইবে এবং মোট ব্যয় অনুমোদিত প্রকল্প ব্যয়ের অতিরিক্ত হইবে না। পরবর্তী কিস্তির অর্থ প্রাপ্তির প্রস্তাবের সহিত প্রয়োজনীয় সকল ছকসহ ব্যাংক বিবরণী অবশ্যই প্রেরণ করিতে হইবে।

৬। অত্র মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক প্রতি স্বাক্ষরিত বিল উপস্থাপনের মাধ্যমে সংস্থার পক্ষে প্রকল্প পরিচালক, "আরবান পাবলিক এন্ড এনভায়রনমেন্টাল হেলথ সেক্টর ডেভেলপমেন্ট" শীর্ষক প্রকল্প এই অর্থ উত্তোলন করিতে পারিবেন।



(মোঃ আবদুর রউফ মিয়া)
উপসচিব
ফোনঃ ৯৫৭৩৬২৫

তারিখঃ ০৬/০২/২০১৮ খ্রিঃ।

নং-৪৬.০০.০০০০.০৭০.০০২.০৫৮.১১-২০৮/১(৫)

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- (১) সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- (২) সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ/কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
- (৩) উপ-প্রধান, পরিকল্পনা অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ।
- (৪) প্রকল্প পরিচালক, "আরবান পাবলিক এন্ড এনভায়রনমেন্টাল হেলথ সেক্টর ডেভেলপমেন্ট প্রকল্প" শীর্ষক প্রকল্প, নগর ভবন, ঢাকা।
- (৫) প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগঃ (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।


(মোঃ আবদুর রউফ মিয়া)
উপসচিব